

সভার কার্যবিবরণী

স্থানঃ কামারখালী U.P.C ভবন।

তারিখঃ ২৬/০৭/২০২৩ ইং,

সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান।

উপস্থিত সদস্যবৃন্দের নাম

- | | |
|---------------------------|----------------------------------|
| ০১. জনাব মমতাজ বেগম | ০৭. জনাব মোঃ আছাদুজ্জামান মুন্সী |
| ০২. জনাব জোহরা বেগম | ০৮. জনাব মোঃ মতিয়ার রহমান |
| ০৩. জনাব আসমা বেগম | ০৯. জনাব মোঃ আশরাফ মোল্যা |
| ০৪. জনাব মোঃ জসীম শেখ | ১০. জনাব মোঃ আবুল কালাম আজাদ |
| ০৫. জনাব মোঃ আলমগীর হোসেন | ১১. জনাব মোঃ সাজেদুল ইসলাম দুলা |
| ০৬. জনাব মোঃ হরোয়ার ফকির | ১২. জনাব মোঃ নুরুল ইসলাম মোল্যা |

অদ্য জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে জুলাই/২০২৩ মাসের সভার কার্য শুরু করা হইল।

আলোচ্য সূচি-১:

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হইল। কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইলো।

আলোচ্য সূচি-২:

সভায় সভাপতি সাহেব জানান যে, বন্যার পানি এ বছর এখনো বিপদ সীমার কাছে আসেনি। যে কোন সময় হঠাৎ করিয়া বন্যার পানি বৃদ্ধি পাইতে পারে। এ বিষয়ে ১, ২, ৩ এবং ৪ নং ওয়ার্ডের সদস্যদের অনুরোধ করা হয়। তাঁরা যেন সবসময়ে এ ব্যাপারে খোজ-খবর রাখেন এবং কৃষকের যেন ফসলের কোন ক্ষতি না হয় সে ব্যাপারে সতর্ক থাকেন। এছাড়া তিনি আরও বলেন যে, যদি বন্যা পরিস্থিতির অবনতি পরিলক্ষিত হয় তাহলে ইউনিয়ন পরিষদের সকল সদস্যকে এ ব্যাপারে সহযোগিতা করার কথা তিনি জানান। তিনি বলেন যে, যদি বন্যার পানি যদি বিপদ সীমার কাছে আসে তাহলে জনগনের ভোগান্তির শেষ থাকবে না। তাই জনগনের যেন কোন সমস্যা না হয় সেদিকে সকলকে সতর্ক থাকতে হবে। তিনি বন্যা মোকাবেলায় করণীয় সম্পর্কে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন। যদি বন্যা পরিস্থিতির অবনতি ঘটে তাহলে এই দুর্যোগ মোকাবেলায় সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। তখন সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন ও সকলেই এমন পরিস্থিতি ঘটলে সে বিষয়ে সহযোগিতা করার আশ্বাস দেন।

আলোচ্য সূচি-৩:

সভায় সভাপতি সাহেব জানান যে, কামারখালী ইউনিয়নের বিভিন্ন রাস্তায় কালভার্ট স্থাপন করা প্রয়োজন ছিল এবং সেই মোতাবেক বিভিন্ন রাস্তায় কালভার্ট স্থাপন করা হইয়াছে এবং উক্ত কাজটি চুক্তিমূল্য বাবদ সঠিকভাবে সম্পন্ন করা হইয়াছে। কাজটি সঠিকভাবে সম্পন্ন করার পর চুক্তিমূল্য বাবদ তাহাকে তাহার টাকা পরিশোধ করা হইয়াছে। এ বিষয়ে সকল সদস্য কাজটি সঠিকভাবে সুসম্পন্ন করার জন্য সভাপতি সাহেব কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন তহবিল (ADP) প্রকল্পসমূহ দাখিলের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশ পাওয়া গিয়াছে। তখন এ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নলিখিত প্রকল্পসমূহ অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- (ক) কামারখালী কলেজ মসজিদ থেকে রুহুল সেখের বাড়ী পর্যন্ত এইচ.বি.বি রাস্তা সংস্কার।
- (খ) মছলন্দপুর আওয়ালের বাড়ী থেকে ব্রিজ পর্যন্ত রাস্তার ফ্লাট সোলিং।
- (গ) কোমরপুর বি.এ.ডি. সির সুইচ গেট থেকে ইছহাকের বাড়ী পর্যন্ত রাস্তার ফ্লাট সোলিং।
- (ঘ) সালামতপুর হরিপদ সাহার বাড়ী থেকে মন্দির পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং।
- (ঙ) দয়রামপুর খেয়াঘাট রাস্তার ফ্লাট সোলিং।
- (চ) চরপুখুরিয়া ঈদগাহ হইতে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. করণ।
- (ছ) কামারখালী ইউপি অফিস থেকে দ্বীপক বকশির বাড়ী পর্যন্ত রাস্তা এইচ.বি.বি. করণ।
- (জ) চরগয়েশপুর তৈয়ব এর বাড়ী থেকে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তার ফ্লাট সোলিং।
- (ঝ) কোমরপুর খেয়াঘাট রাস্তায় ইটের সোলিং।
- (ঞ) কামারখালী সরকারী বালিকা বিদ্যালয়ের গেট থেকে নূরে বিশ্বাসের বাড়ী উত্তরে রাস্তা এইচ.বি.বি. করণ।
- (ট) কামারখালী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাব সমূহে খেলার সামগ্রী সরবরাহ।
- (ঠ) মছলন্দপুর পশ্চিম পাড়া রফিক এর বাড়ী থেকে সাঈদের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং।
- (ড) মছলন্দপুর দক্ষিণ পাড়া চান মিয়ার বাড়ী থেকে গোরস্থান পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং।

আলোচ্য সূচি-৪:

সভায় সভাপতি সাহেব জানান যে, আগামী ১৫ই আগস্ট জাতির জনক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস। উক্ত দিবসটি পালনের লক্ষ্যে কামারখালী ইউনিয়ন পরিষদে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা প্রয়োজন। তখন সভায় বিস্তারিতভাবে আলোচনার পর নিম্নলিখিত কর্মসূচীসমূহ গ্রহণ করা হয়।

প্রথমত ড্রফ ডাউন ব্যানার তৈরী এবং ১লা আগস্ট ভবনে টানানো। ১৫ ই আগস্ট কামারখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সকল সদস্যবৃন্দ, ইউপি সচিব ও গ্রাম পুলিশসহ সকলে একত্রিত হয়ে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন এবং অর্ধনমিত রাখা, কালো পতাকা উত্তোলন, সকাল ৮.০০ টায় শোক র্যালী কামারখালী ইউনিয়ন পরিষদ হতে কামারখালী বাজার হয়ে ইউনিয়ন পরিষদ কার্যালয় পর্যন্ত, ৮.৩০ এ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং সকাল ৯.০০ ঘটিকায় আলোচনা সভা ও দোয়া মাহফিল এর মধ্যে দিয়ে দিবসটি যথাযথভাবে পালন করার কথা তিনি সকলকে জানান।

চলতি মাসের আয় ও খরচের বিবরণী সভায় উপস্থাপন করা হইল। ভাউচার পরীক্ষান্তে সঠিক পাওয়া গেল এবং সর্বসম্মতিক্রমে অনুমোদন হইল।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

সভাপতি



(মোঃ রাকিব হোসেন চৌধুরী)

চেয়ারম্যান

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

তারিখ: ২৬/০৭/২০২৩ খ্রি: